

শাটল ট্রেন কালও চলেনি, ভর্তিচ্ছুদের সীমাহীন দুর্ভোগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধ ছাত্রলীগ-শিবির প্লাটাপাল্টি মামলা

চ.বি. সংবাদদাতা
লাগাতার অবরোধ অব্যাহত রয়েছে। এছাড়া আগামী ২৪ মার্চ নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে চ.বি. ছাত্রলীগ।

গত মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর শিবির ক্যাডারদের হামলার প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলন থেকে ছাত্রলীগ এই কর্মসূচি ঘোষণা করে। প্রেসক্রমে ঐ সংবাদ সম্মেলনে শিথিল বক্তব্য পাঠ করেন চ.বি. ছাত্রলীগের সভাপতি মাহবুব এলাহী। এছাড়াও সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগ জাতীয় কার্যকরী সংসদের সহসম্পাদক মোঃ নাছির হায়দার বাবুল, মহানগর ছাত্রলীগের স্ট্রাটিক কমিটির সদস্য এম আর আজিম, উত্তর জেলা ছাত্রলীগ সভাপতি রাজিবুল আহসান সুমন, চ.বি. ছাত্রলীগের সাধারণ সম্পাদক কাজী মাহফাজুল ইসলাম প্রমুখ।

সংবাদ সম্মেলনে গত মঙ্গলবার ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলাকারী শিবির ক্যাডারদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের অপসারণ এবং গত বছর ১৯ অক্টোবর বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ছাত্রলীগের মধ্যে সম্পাদিত চুক্তির যথাযথ বাস্তবায়নের দাবি জানানো হয়। এসব দাবি পূরণ না হওয়া পর্যন্ত ছাত্রলীগ তাদের আন্দোলন চালিয়ে যাবে বলে সংবাদ সম্মেলনে ঘোষণা করে।

সংবাদ সম্মেলনে ছাত্রলীগ অভিযোগ করে, গত এক বছরে শিবির বিভিন্ন ঘটনায় ছাত্রলীগের ২০০ নেতাকর্মীর ওপর সন্ত্রাসী হামলা চালিয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এসব ঘটনার ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিলেও এখনো কোনো ব্যবস্থা নেয়নি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষপাতিত্ব ও প্রণয়নের কারণে শিবির বরাবর ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলার সাহস পাচ্ছে

যে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়।

এদিকে ছাত্রলীগের লাগাতার অবরোধ কর্মসূচির কারণে গতকাল বৃহস্পতিবারও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শাটল ট্রেন চলাচল করেনি। ফলে ইউনিটের কলা অনুষদের চারুকলা, স্মারক ও ইন-স্টাডিজ, শাসি ও সংকূর্ভ বিষয়ের ভর্তি পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা যাতায়াতে চরম দুর্ভোগের শিকার হয়েছে।

গত মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনায় ছাত্রলীগ ও শিবির গত বুধবার রাতে হাটহাজারী থানায় পৃথক দুটি মামলা দায়ের করেছে। ছাত্রলীগ শিবিরের ২৪ জন নেতাকর্মীর বিরুদ্ধে মামলা দায়ের করে। অন্যদিকে শিবির চ.বি. ছাত্রলীগের সিনিয়র সভাপতি নাজিমুদ্দিন শিমুল, সাধারণ সম্পাদক কাজী মাহফাজুল ইসলামসহ ৮ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে।

গত বুধবার রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিবির আবদুর রহিম নামে ছাত্রলীগের এক কর্মীর ওপর সশস্ত্র হামলা চালিয়েছে বলে ছাত্রলীগ অভিযোগ করেছে। বর্তমানে সে গুরুতর আহত অবস্থায় নগরীর একটি ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছে।

গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দুটি শিক্ষকের বাস ভাঙচুর হয়েছে। নগরীর চৌধুরীহাটে একদল সন্ত্রাসী এই বাস দুটি ভাঙচুর করে।